২৯

# প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১২

সেট : ১
তারিখ : ২৪.০২.২০১২

[কোড : মেঘনা]

সময় : ১ ঘণ্টা ২০ মিনিট
পূর্ণমান : ৮০

**যে সকল জেলায় পরীক্ষা অনুষ্ঠিত হয়েছিল**
রংপুর, গাইবান্ধা, নীলফামারী, বরিশাল, পটুয়াখালী, বগুড়া, সিরাজগঞ্জ, লালমনিরহাট।

[দ্রষ্টব্য: সকল প্রশ্নের মান সমান। ক্যালকুলেটর ব্যবহার নিষিদ্ধ।]

**০১. পিতার বর্তমান বয়স পুত্রের বয়সের চারগুণ। ৬ বছর পূর্বে পিতার বয়স পুত্রের বয়সের দশগুণ ছিল। পিতা ও পুত্রের বর্তমান বয়স কত?**

ক. ৫৬ বছর এবং ১৪ বছর খ. ৩৬ বছর এবং ৯ বছর
গ. ৪০ বছর এবং ১০ বছর ঘ. ৩২ বছর এবং ৮ বছর

উত্তর✓ খ ব্যাখ্যা মনে করি, পুত্রের বয়স x বছর
পিতার বয়স ৪x বছর

শর্তমতে, ৪x − ৬ = ১০ (x − ৬)
⇒ ৪x − ৬ = ১০x − ৬০
⇒ ১০x − ৪x = ৬০ − ৬
⇒ ৬x = ৫৪
∴ x = ৯

∴ পিতার বর্তমান বয়স (৪ × ৯) = ৩৬ বছর।

**০২. দুটি সংখ্যার অনুপাত ৫ : ৮। উভয়ের সাথে ২ যোগ করলে অনুপাতটি ২ : ৩ হয়। সংখ্যা দুটি কি কি?**

ক. ৭ ও ১১ খ. ১২ ও ১৮
গ. ১০ ও ২৪ ঘ. ১০ ও ১৬

উত্তর✓ ঘ ব্যাখ্যা মনে করি, সংখ্যা দুইটি ৫x ও ৮x

প্রশ্নমতে, $\frac{৫x + ২}{৮x + ২} = \frac{২}{৩}$
⇒ ১৬x + ৪ ⇒ ১৫x + ৬
⇒ ১৬x − ১৫x = ৬ − ৪
∴ x = ২

**০৩. কোনো পরীক্ষায় শতকরা ৮৫ জন ইংরেজিতে পাস করেছে। ইংরেজিতে ফেলের মোট সংখ্যা ৭৫ জন হলে পরীক্ষার্থীর সংখ্যা কত?**

ক. ৭৭৫ জন খ. ৬৫০ জন
গ. ৫০০ জন ঘ. ৩৭৫ জন

উত্তর✓ গ ব্যাখ্যা ফেল করে (১০০ − ৮৫) = ১৫ জন
১৫ জন ফেল করলে পরীক্ষার্থী ১০০ জন
১ " " " " $\frac{১০০}{১৫}$ "
∴ ৭৫ " " " " $\frac{১০০ × ৭৫}{১৫}$ "
= ৫০০ জন

**০৪. ১৫০ টাকায় একটি জিনিস ক্রয় করে কত দামে বিক্রয় করলে ৩০% লাভ হবে?**

ক. ১৬০ টাকা খ. ১৭০ টাকা
গ. ১৮৫ টাকা ঘ. ১৯৫ টাকা

উত্তর✓ ঘ ব্যাখ্যা বিক্রয়মূল্য = $\frac{১০০ + লাভ}{১০০}$ × ক্রয়মূল্য
= $\frac{১০০ + ৩০}{১০০}$ × ১৫০ = $\frac{১৩০}{১০০}$ × ১৫০ = ১৯৫ টাকা

**০৫. প্রতিটি ৩৬০০ টাকা করে দুটি চেয়ার বিক্রয় করা হয়েছে। একটি ২০% লাভে এবং অপরটি ২০% ক্ষতিতে বিক্রয় করা হয়েছে। সব মিলিয়ে কত লোকসান হয়েছে?**

ক. লাভ লোকসান কিছুই হয়নি খ. ৯০০ টাকা
গ. ৩০০ টাকা ঘ. ৬০০ টাকা

উত্তর✓ গ ব্যাখ্যা চেয়ার দু'টির বিক্রয়মূল্য (৩৬০০ × ২)
= ৭২০০ টাকা।
২০% লাভে ক্রয়মূল্য
= $\frac{১০০}{১০০ + ২০}$ × বিক্রয়মূল্য
= $\frac{১০০}{১২০}$ × ৩৬০০ = ৩০০০ টাকা

২০% ক্ষতিতে ক্রয়মূল্য = $\frac{১০০}{১০০ − ২০}$ × বিক্রয়মূল্য
= $\frac{১০০}{৮০}$ × ৩৬০০ = ৪৫০০ টাকা

মোট ক্রয়মূল্য = (৩০০০ + ৪৫০০) = ৭৫০০ টাকা
মোট লোকসান = (৭৫০০ − ৭২০০) = ৩০০ টাকা

**০৬. একটি বানর ১৩ মিটার উঁচু পিচ্ছিল বাঁশের উপর উঠতে প্রথম সেকেন্ডে ৩ মিটার উঠে এবং পরবর্তী সেকেন্ডে ১ মিটার নেমে আসে। বানরটি কত সেকেন্ডে উক্ত বাঁশের উপর উঠবে?**

ক. ১১ সেকেন্ড খ. ১০ সেকেন্ড
গ. ৯ সেকেন্ড ঘ. ৮ সেকেন্ড

উত্তর✓ ক ব্যাখ্যা উঠানামা করে (১৩ − ৩) = ১০ মিটার
২ সেকেন্ডে উঠে (৩ − ১) = ২ মিটার
২ মিটার উঠে ২ সেকেন্ডে
১ " " $\frac{২}{২}$ "
১০ " " $\frac{২ × ১০}{২}$ = ১০ সেকেন্ড
মোট সময় = (১০ + ১) = ১১ সেকেন্ড।

**০৭. কোনো ছাত্রাবাসে ৪০ জন ছাত্রের ৩০ দিনের খাবার আছে। ৫ দিন পর আরও ১০ জন ছাত্র আসলে অবশিষ্ট খাদ্যে তাদের কতদিন চলবে?**

ক. ১৫ দিন খ. ২০ দিন
গ. ২৫ দিন ঘ. ২৮ দিন

উত্তর✓ খ ব্যাখ্যা দিন বাকি থাকে (৩০ − ৫) = ২৫ দিন
ছাত্র সংখ্যা হয় (৪০ + ১০) = ৫০ জন
৪০ জন ছাত্রের খাদ্য চলবে ২৫ দিন
১ " " " " (২৫ × ৪০) "
∴ ৫০ " " " " $\frac{২৫ \times ৪০}{৫০}$ "
= ২০ দিন

**০৮. ১৫ জনের কোনো কাজের অর্ধেক করতে ২০ দিন লাগে, কত দিনে ২০ জন লোক পুরো কাজটি শেষ করতে পারবে?**

ক. ২০ খ. ১৫
গ. ৩০ ঘ. ৪০

উত্তর✓ গ ব্যাখ্যা

$\frac{P_1D_1}{P_2D_2} = \frac{W_1}{W_2}$

$\Rightarrow \frac{১৫ \times ২০}{২০ \times D_2} = \frac{\frac{১}{২}}{১}$

$\Rightarrow \frac{১৫}{D_2} = \frac{১}{২}$

$\Rightarrow D_2$ = ৩০ দিন।

$P_1$ = ১৫ জন
$D_1$ = ২০ দিন
$W_1 = \frac{১}{২}$ অংশ
$P_2$ = ২০ জন
$D_2$ = ?
$W_2$ = সম্পূর্ণ (১)

**০৯. বর্তমানে পিতার বয়স পুত্রের বয়সের ৫ গুণ। তিন বছর বাদে পিতার বয়স পুত্রের বয়সের ৪ গুণ হয়। পিতা ও পুত্রের বর্তমান বয়স কত হবে?**

ক. ৪৫ বছর, ৯ বছর খ. ২৫ বছর, ৫ বছর
গ. ৫০ বছর, ১০ বছর ঘ. ৩৫ বছর, ৭ বছর

উত্তর✓ ক ব্যাখ্যা মনে করি, পুত্রের বয়স x বছর
পিতার বয়স ৫x বছর
প্রশ্নমতে, ৫x + ৩ = ৪ (x + ৩)
⇒ ৫x + ৩ = ৪x + ১২
∴ x = ৯
∴ পিতার বয়স (৫ × ৯) = ৪৫ বছর।

**১০. $p + \frac{1}{p} = 5$ হলে, $p^3 + \frac{1}{p^3}$ = কত?**

ক. 100 খ. 110
গ. 115 ঘ. 120

উত্তর✓ খ ব্যাখ্যা $P^3 + \frac{1}{P^3} = \left(P + \frac{1}{P}\right)^3 - 3.P.\frac{1}{P}\left(P + \frac{1}{P}\right)$
$= 5^3 - 3.5 = 125 - 15 = 110$

**১১. $m^2 + 8m + 15$ এর উৎপাদক কত?**


ক. (m + 5) (m − 3) খ. (m − 5) (m + 3)
গ. (m − 5) (m − 3) ঘ. (m + 5) (m + 3)

উত্তর✓ ঘ ব্যাখ্যা $m_2 + 8m + 15$
$= m^2 + 5m + 3m + 15$
$= m(m + 5) + 3(m + 5)$
$= (m + 5)(m + 3)$

**১২. স্পর্শবিন্দুগামী ব্যাসার্ধ এবং স্পর্শকের অন্তর্ভুক্ত কোণ–**

ক. এক সমকোণের অর্ধেক খ. সরলকোণ
গ. এক সমকোণ ঘ. কোনোটিই নয়

উত্তর✓ গ ব্যাখ্যা
স্পর্শকবিন্দুগামী ব্যাসার্ধ এবং স্পর্শকের অন্তর্ভুক্ত কোণ এক সমকোণ।
∴ ∠ACO = এক সমকোণ।




**১৩. তিন কোণ দেয় থাকলে যে সকল ত্রিভুজ আঁকা যায় তাদের কি ত্রিভুজ বলে?**

ক. সদৃশ ত্রিভুজ খ. সমান ত্রিভুজ
গ. সর্বসম ত্রিভুজ ঘ. সমানুপাতিক ত্রিভুজ

উত্তর✓ ক ব্যাখ্যা কোনো ত্রিভুজের তিনটি কোণ যথাক্রমে অপর ত্রিভুজের তিনটি কোণের সমান হলে ত্রিভুজ দুটিকে সদৃশকোণী বা সদৃশ ত্রিভুজ বলে।

**১৪. Noun of the word 'poor' is –**

ক. Poority খ. Poverty
গ. Poorify ঘ. Poorness

উত্তর✓ খ ব্যাখ্যা 'poor' একটি adjective যার অর্থ হলো দরিদ্র। এর noun হলো Poverty যার অর্থ দরিদ্রতা/ দারিদ্র্য।

**১৫. Verb of the word 'new' is –**

ক. Anew খ. Newness
গ. Newly ঘ. Renew

উত্তর✓ ঘ ব্যাখ্যা 'New' শব্দটি Adjective, এর verb হলো renew যার অর্থ হলো 'নবায়ন করা'।

**১৬. কোন বানানটি শুদ্ধ?**

ক. Achievment খ. Acheivment
গ. Achievement ঘ. Acheivement

উত্তর✓ গ ব্যাখ্যা Achievement (N) → অর্জন।

**১৭. কোন বানানটি শুদ্ধ?**

ক. Commission খ. Comision
গ. Comission ঘ. Commision

উত্তর✓ ক ব্যাখ্যা Commission (N)→কর্মভার অর্পন করা/ নিযুক্ত করা।

**১৮. He is beating the thief -এর পরিবর্তিত voice form হচ্ছে–**

ক. The thief was being beaten by him.
খ. The thief is being beat by him.
গ. The thief is beaten by him.
ঘ. The thief is being beaten by him.

উত্তর✓ ঘ ব্যাখ্যা প্রশ্নের Active voice কে Passive করতে হলে নিয়মটি হচ্ছে: object টি Subject হবে (The theif) + Tense অনুযায়ী Auxiliary verb (এক্ষেত্রে am being/is being/are being) বসবে + মূল Verb এর past participle বসবে + by + subject টির object form বসবে।

**১৯. Who opened the door?- এর পরিবর্তিত voice হচ্ছে-**

ক. By whom was the door be opened?
খ. By whom was the door opened?
গ. By whom is he door opened?
ঘ. By whom has the door opened?

উত্তর ✓ খ ব্যাখ্যা Interrogative sentence এর voice change এর ক্ষেত্রে who থাকলে এর পরিবর্তে 'By whom' এর পর 'be verb' অর্থাৎ WH-word (who, whom, which, what) প্রভৃতির পর 'be verb') বসবে তারপর Subject এবং এর পর মূল্য verb এর past Participle form বসে।

**২০. He said, "What a pity!" বাক্যের indirect speech হচ্ছে-**

ক. He said that it was a great pity.
খ. He exclaimed that it is a great pity.
গ. He exclaimed that it was a great pity.
ঘ. He said that it is a great pity.

উত্তর ✓ গ ব্যাখ্যা Exclamatory sentence এ indirect speech রুপান্তর করতে হলে Reporting verb (said) পরিবর্তিত হয়ে exclaimed হবে+ That + Reported speech এর subject বসবে। এখানে Subject এবং verb নেই। এখাত্রে Subject 'It' এবং verb 'is' 'What a pity is!' মনে করতে হবে + verb এর past form + a/ an থাকলে বসাতে হবে + very/great বসাতে হবে (Noun এর পূর্বে great বসাতে হবে) + বাকী অংশ (যদি থাকে)।

**২১. My father said to me, "We are going there tomorrow." বাক্যের indirect speech হচ্ছে–**

ক. My father told me that they would be going there the next day.
খ. My father said to me that they are going there the next day.
গ. My father told me that they were going there the next day.
ঘ. My father told me that they are going there the next day.

উত্তর ✓ গ ব্যাখ্যা Assertive sentence এর direct speech কে indirect speech এ রূপান্তরের নিয়ম হচ্ছে: subject + say/said অথবা tell/told + inverted comma-র পরিবর্তে that + reported speech এর subject + verb + বাকী অংশ।
Note: Reported speech এর subject এবং verb কে পরিবর্তন করতে হবে reporting verb এর subject এবং verb অনুযায়ী।

**২২. "The disgruntled man grumbled —— his fate." বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে–**

ক. on খ. to
গ. against ঘ. at

উত্তর ✓ ঘ ব্যাখ্যা Grumbled at/about অর্থ হলো 'অসন্তোষ প্রকাশ করা'।

**২৩. "You are not amenable —— reason.' বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে–**

ক. from খ. to
গ. of ঘ. into

উত্তর ✓ খ ব্যাখ্যা কোন কাজের জন্য দায়ী বোঝাতে বা অবশ্যকরণীয় কাজ সম্পাদনে ব্যর্থ হলে শাস্তি পেতে হবে বোঝাতে amenable এর পরে to বসে।

**২৪. 'Bag and baggage' idiom এর অর্থ হচ্ছে–**

ক. Properly খ. Heavy things
গ. Leaving nothing behind ঘ. Costly things

উত্তর ✓ গ ব্যাখ্যা 'Bag and baggage' idiom-টির অর্থ হলো সবকিছু সাথে নিয়ে/ তল্পিতল্পাসহ (Leaving nothing be hind)।

**২৫. 'Loaves and fishes' idiom টির অর্থ হচ্ছে–**

ক. Personal gains খ. Beautiful bread
গ. Tasty fishes ঘ. None

উত্তর ✓ ক ব্যাখ্যা 'Leaves and fishes' idiom টির অর্থ হচ্ছে ব্যক্তিগত স্বার্থ (Personal gain)।

**২৬. কোনটি শুদ্ধ বাক্য?**

ক. I suffered from fever for a week.
খ. She found the boy crying.
গ. Let you and he be the witness.
ঘ. Rahim play everyday.

উত্তর ✓ খ ব্যাখ্যা সঠিক উত্তরটি (খ) কারণ এখানে Present Participle এর সঠিক ব্যবহার রয়েছে; অপশন (ক) ভুল কারণ time duration বোঝাতে perfect/perfect continuous tense ব্যবহার করি। (গ) সঠিক নয় Let এর পর objective form him হবে। (খ) সঠিক নয় কারণ Rahim যেহেতু Third person singular humber এজন্য এর পর verb এর সাথে 's' যোগ করতে হবে।

**২৭. কোনটি শুদ্ধ বাক্য?**

ক. Matin is good than his brother.
খ. Why you have done this?
গ. He was too clever to miss the point.
ঘ. 'Your conduct admits at no excuses.

উত্তর ✓ গ ব্যাখ্যা সঠিক উত্তর হচ্ছে (গ) কারণ too.........to এর সঠিক ব্যবহার হয়েছে। (ক) সঠিক নয় কারণ Compare করার জন্য Compare করার জন্য Comparative form ব্যবহার হয়; এজন্য better হবে good এর পরিবর্তে। (খ) সঠিক নয় কারণ WH এর পর Auxiliary verb ব্যবহার করতে হবে। (খ) সঠিক নয় কারণ এখানে admit এর পর preposition 'of' হবে।

**২৮. 'শিবমন্দির' কাব্যগ্রন্থটির রচয়িতা কে?**

ক. মাইকেল মধুসূদন দত্ত খ. কৃষ্ণচন্দ্র মজুমদার
গ. গোবিন্দচন্দ্র দাস ঘ. কায়কোবাদ

উত্তর ✓ ঘ ব্যাখ্যা কায়কোবাদ রচিত প্রথম কাব্যগ্রন্থ বিরহবিলাপ। তাঁর অন্যান্য বিখ্যাত কাব্যগ্রন্থ : অশ্রুমালা, কুসুমকানন, অমিয়ধারা, মহাশ্মশান (মহাকাব্য), শিবমন্দির, মহররম শরীফ।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

**২৯. 'দেবী চৌধুরাণী' উপন্যাসটির রচয়িতা কে?**

ক. রবীন্দ্রনাথ ঠাকুর খ. শরৎচন্দ্র চট্টোপাধ্যায়
গ. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় ঘ. কাজী ইমদাদুল হক

উত্তর ✓ গ ব্যাখ্যা বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় রচিত কিছু উল্লেখযোগ্য উপন্যাস : দুর্গেশনন্দিনী, কপালকুণ্ডলা, কৃষ্ণকান্তের উইল, রজনী, বিষবৃক্ষ, রাজসিংহ, মৃণালিনী, আনন্দমঠ, সীতারাম, ইন্দিরা, দেবী চৌধুরাণী, রাধারাণী, চন্দ্রশেখর।

**৩০. 'তাসের দেশ' নাটকটির রচয়িতা কে?**

ক. রবীন্দ্রনাথ ঠাকুর খ. দ্বিজেন্দ্রলাল রায়
গ. অমৃতলাল বসু ঘ. আকবর উদ্দীন

উত্তর ✓ ক ব্যাখ্যা ১৯৩৩ সালে প্রকাশিত 'তাসের দেশ' নাটকটি রবীন্দ্রনাথ ঠাকুর নেতাজী সুভাষচন্দ্র বসুকে উৎসর্গ করেন। তাঁর বিখ্যাত কিছু নাটক : বাল্মীকি প্রতিভা, বসন্ত, কালের যাত্রা, বিসর্জন, শ্যামা, চিত্রাঙ্গদা, নটীর পূজা, ডাকঘর, অচলায়তন, রক্তকরবী, রাজা ও রাণী, তাপসী, মুক্তধারা।

**৩১. কোনটি শুদ্ধ বানান?**

ক. গনণা খ. গণনা
গ. গণণা ঘ. গননা

উত্তর ✓ খ ব্যাখ্যা কয়েকটি শুদ্ধ বানান - গরীয়ান, গরীয়সী, গম্ভীর, গীতিকা, গীতাঞ্জলি, গ্রীবা, গ্রীষ্ম।

**৩২. কোনটি শুদ্ধ বানান?**

ক. গৃহিনী খ. গৃহিনি
গ. গৃহীণী ঘ. গৃহিণী

উত্তর ✓ ঘ ব্যাখ্যা কয়েকটি শুদ্ধ বানান - মনীষী, অধ্যবসায়, অদ্যাপি, অমাবস্যা, অধোগতি, আদ্যাক্ষর, আলস্য, সাক্ষ্যদান।

**৩৩. 'সে <u>তোমাকে</u> ভয় পায়'– বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?**

ক. কর্মে শূন্য খ. অধিকরণে ২য়া
গ. অপাদানে ২য়া ঘ. অপাদানে ৩য়া

উত্তর ✓ গ ব্যাখ্যা যা থেকে কিছু বিচ্যুত, গৃহীত, জাত, বিরত, আরম্ভ, দূরীভূত ও রক্ষিত হয় এবং যা দেখে কেউ ভীত হয়, তাকে অপাদান কারক বলে। 'তোমাকে' শব্দটিতে 'কে' বিভক্তি থাকায় শব্দটি অপাদান কারকে দ্বিতীয়া বিভক্তি।

**৩৪. '<u>তোমার</u> পূজার ছলে তোমায় ভুলেই থাকি'– বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?**

ক. সম্প্রদানে ৬ষ্ঠী খ. কর্মে ৭মী
গ. সম্প্রদানে ৭মী ঘ. অপাদানে ৬ষ্ঠী

উত্তর ✓ ক ব্যাখ্যা যাকে স্বত্ব ত্যাগ করে দান, অর্চনা, সাহায্য ইত্যাদি করা হয় তাকে সম্প্রদান কারক বলে। স্বত্ব ত্যাগ করে না দিলে তা কর্মকারক হয়। 'তোমার' শব্দটিতে 'র' বিভক্তি থাকায় এটি সম্প্রদান কারকে ৬ষ্ঠী বিভক্তি।

**৩৫. কোন সমাসে ব্যাসবাক্য হয় না?**

ক. প্রাদি সমাস খ. নিত্য সমাস
গ. দ্বন্দ্ব সমাস ঘ. অলুক সমাস

উত্তর ✓ খ ব্যাখ্যা যে সমাসের ব্যাসবাক্য হয় না কিংবা তা করতে গেলে অন্য পদের সাহায্য নিতে হয়, তাকে বলা হয় নিত্য সমাস। যেমন : দর্শনমাত্র - কেবল দর্শন; বিরানব্বই - দুই এবং নব্বই; কালান্তর - অন্য কাল; কালসাপ - কাল তুল্য যে সাপ; আমরা - তুমি, আমি ও সে।

**৩৬. কোন সমাসে সমস্যমান পদের বিভক্তি লোপ পায় না?**

ক. অলুক সমাস খ. নিত্য সমাস
গ. প্রাদি সমাস ঘ. উপপদ

উত্তর ✓ ক ব্যাখ্যা অলুক সমাসে সমস্যমান পদের বিভক্তি লোপ পায় না। যেমন : দুধে - ভাতে = দুধে ও ভাতে; হাতে - কলমে = হাতে ও কলমে; মনের মানুষ = মনের মানুষ; ঘোড়ার ডিম = ঘোড়ার ডিম; কলুর বলদ = কলুর বলদ।

**৩৭. 'কেশ' এর সমার্থক শব্দ নয়–**

ক. কুন্তল খ. চুল
গ. ললাট ঘ. অলক

উত্তর ✓ গ ব্যাখ্যা 'কেশ' এর সমার্থক শব্দ : চুল, অলক, কুন্তল, চিকুর, কেশপাশ। 'ললাট' এর সমার্থক শব্দ : কপাল, ভাগ্য, ভাল, অদৃষ্ট, নিয়তি, নসিব, অলিক, বরাত।

**৩৮. 'নিরাকার' এর বিপরীতার্থক শব্দ–**

ক. সাকার খ. আকার
গ. অদৃশ্য ঘ. দৃশ্যমান

উত্তর ✓ ক ব্যাখ্যা কয়েকটি গুরুত্বপূর্ণ বিপরীতার্থক শব্দ : অধিত্যকা - উপত্যকা; অতিকায় - ক্ষুদ্রকায়; অর্বাচীন - প্রাচীন; অনাস্থা - আস্থা; অনুরক্ত - বিরক্ত; অনুরাগ - বিরাগ।

**৩৯. কোন বাগ্‌ধারা দ্বারা 'ভণিতা' বোঝানো হয়?**

ক. গণেশ উল্টানো খ. গৌরচন্দ্রিকা
গ. কূপমণ্ডূক ঘ. টইটম্বুর

উত্তর ✓ খ ব্যাখ্যা কূপমণ্ডূক অর্থ : ঘড়কুনো/সীমিত জ্ঞানের মানুষ/ সংকীর্ণমনা ব্যক্তি। গৌরচন্দ্রিকা অর্থ : ভূমিকা বা ভণিতা। গণেশ উল্টানো অর্থ : ফেল মারা। টইটম্বুর অর্থ : ভরপুর বা কানায় কানায় পূর্ণ।

**৪০. 'আশ্চর্য' এর সন্ধিবিচ্ছেদ–**

ক. অ + আর্চ খ. অতি + চার্য
গ. আশ + চর্য ঘ. আ + চার্য

উত্তর ✓ Blank ব্যাখ্যা অপশনে ঠিক উত্তর নেই। যেসব ক্ষেত্রে সন্ধি নিয়মানুসারে হয় না তাকে নিপাতনে সিদ্ধ সন্ধি বলে। যেমন : আশ্চর্য - আ + চর্য ; ষোড়শ = ষট্ + দশ ; অন্যান্য - অন্য + অন্য ; পরস্পর - পর + পর ; বৃহস্পতি = বৃহৎ + পতি ; গবাক্ষ - গো + অক্ষ।

**৪১. ক্রিয়া বা ধাতুর পরে যে প্রত্যয় যুক্ত হয় তাকে বলে–**

ক. ধাতু প্রত্যয় খ. শব্দ প্রত্যয়
গ. কৃৎ প্রত্যয় ঘ. তদ্ধিত প্রত্যয়

উত্তর ✓ গ ব্যাখ্যা যে বর্ণ বা বর্ণসমষ্টি ক্রিয়া বা ধাতুর পর যুক্ত হয়ে নতুন শব্দ গঠন করে, তাকে কৃৎ প্রত্যয় বলে। যেমন : √মুড়্ + অক = মোড়ক ; √মুচ্ + ক্ত = মুক্ত ; √দৃশ্ + নক = দর্শক ; √কৃ + ণক = কারক ; √জনি + ণক = জনক ; √বৃত + মান = বর্তমান ; √বাঁধ + অন = বাঁধন।

**৪২. 'সিএফসি' কি ক্ষতি করে?**

ক. বায়ুর তাপ বৃদ্ধি করে

খ. ওজোন স্তর ধ্বংস করে

গ. এসিড বৃষ্টিপাত ঘটায়

ঘ. রক্তের অক্সিজেন পরিবহন ক্ষমতা হ্রাস করে

উত্তর✓ খ ব্যাখ্যা সিএফসি হলো ক্লোরোফ্লোরো কার্বন। যা বায়ুমণ্ডলের ওজোন স্তরকে ক্ষতিগ্রস্ত করে।

**৪৩. নিচের কোন উক্তিটি সঠিক?**

ক. বায়ু একটি মিশ্র পদার্থ

খ. বায়ু একটি যৌগিক পদার্থ

গ. বায়ু একটি মৌলিক পদার্থ

ঘ. বায়ু বলতে অক্সিজেন ও নাইট্রোজেনকেই বুঝায়

উত্তর✓ ক ব্যাখ্যা দুই বা ততোধিক মৌলিক বা যৌগিক পদার্থকে যেকোনো ওজন অনুপাতে মিশিয়ে যদি এমন পদার্থ পাওয়া যায় যাতে মিশ্রিত ভিন্ন ভিন্ন পদার্থগুলি তাদের নিজেদের ধর্ম বজায় রাখে, সেই পদার্থকে মিশ্র পদার্থ বলে। বায়ুতে অক্সিজেন, কার্বন ডাই-অক্সাইড, নাইট্রোজেন ও জলীয়বাষ্পের মিশ্রন রয়েছে।

**৪৪. দেহকোষের পুনরুজ্জীবন ঘটানোর জন্য প্রয়োজন–**

ক. শর্করা খ. স্নেহ জাতীয় পদার্থ

গ. ভিটামিন ঘ. প্রোটিন

উত্তর✓ ঘ ব্যাখ্যা প্রোটিন দেহগঠন, বৃদ্ধিসাধন ও শক্তি উৎপাদন করে। মাছ, মাংস, ডিম আমিষের প্রধান উৎস।

**৪৫. পানি যখন ফুটতে থাকে তার উষ্ণতার কি পরিবর্তন ঘটে?**

ক. বাড়াতে থাকে খ. কমাতে থাকে

গ. একই থাকে ঘ. কম-বেশি হয় উত্তর গ

**৪৬. শূন্য মাধ্যমে নিচের ৩টি বস্তুকে একসঙ্গে ছেড়ে দিলে কোনটি আগে মাটিতে পড়বে?**

ক. পাথর খ. সবকটি একসঙ্গে

গ. কাঠ ঘ. পালক

উত্তর✓ খ ব্যাখ্যা বিজ্ঞানী গ্যালিলিও পড়ন্ত বস্তুর সূত্র মতে, মুক্তভাবে পড়ন্ত বস্তু সমান সময়ে সমান দূরত্ব অতিক্রম করে। শূণ্য মাধ্যমে তিনটি বস্তুকে একসঙ্গে ছেড়ে দিলে সবকয়টি একসঙ্গে পড়বে।

**৪৭. ভূমিকম্প নির্ণায়ক যন্ত্র হচ্ছে–**

ক. সেক্সট্যান্ট খ. ম্যানোমিটার

গ. সিসমোগ্রাফ ঘ. ব্যারোমিটার উত্তর গ

**৪৮. ব্রহ্মপুত্র নদ হিমালয়ের কোন শৃঙ্গ থেকে উৎপন্ন হয়েছে?**

ক. কৈলাস খ. বরাইল

গ. কাঞ্চন জঙ্গা ঘ. গডউইন অস্টিন

উত্তর✓ ক ব্যাখ্যা ব্রহ্মপুত্র নদের উৎপত্তি চীনের তিব্বতে হিমালয়ের কৈলাশ শৃঙ্গের মানস সরোবর হ্রদে। ব্রহ্মপুত্র নদের মোট দৈর্ঘ্য ২৮৯৭ কিলোমিটার।

**৪৯. সূর্যের নিজ অক্ষের উপর একবার আবর্তন করতে সময় লাগে–**

ক. ২৫ ঘণ্টা খ. ২৮ ঘণ্টা

গ. ২৫ বছর ঘ. ২৫ দিন

উত্তর✓ ঘ ব্যাখ্যা সূর্য সৌরজগতের কেন্দ্রে অবস্থিত এবং পৃথিবী ও অন্যান্য গ্রহ-উপগ্রহ সূর্যের চারদিকে প্রদক্ষিণ করছে। সূর্যের ব্যাস প্রায় ১৩,৯২,৪৬৮ কি.মি.। নিজ অক্ষের চারদিকে একবার প্রদক্ষিণ করতে সূর্যের সময় লাগে ২৫ দিন।

**৫০. দক্ষিণ গোলার্ধ ও সূর্যের মধ্যে সবচেয়ে বেশি দূরত্ব হয়–**

ক. ১ ডিসেম্বর খ. ১ জুলাই

গ. ২১ জুন ঘ. ২৩ মার্চ উত্তর গ

**৫১. পৃথিবীর সর্বত্র দিবারাত্র সমান হয়-**

ক. ২৩ জুন ও ২২ ডিসেম্বর

খ. ২১ মার্চ ও ২৩ সেপ্টেম্বর

গ. ২৩ মার্চ ও ২২ সেপ্টেম্বর

ঘ. ২২ এপ্রিল ও ২৩ অক্টোবর উত্তর খ

**৫২. বন্দর 'আব্বাস' কোন দেশের সমুদ্র বন্দর?**

ক. মিশর খ. ইরান

গ. জর্দান ঘ. ইরাক

উত্তর✓ খ ব্যাখ্যা

| দেশ | সমুদ্র বন্দর |
|---|---|
| মিশর | সুয়েজ, আলেকজান্দ্রিয়া, পোর্ট সৈয়দ |
| ইরান | আব্বাস, আবাদান |
| জর্ডান | আকাবা |
| ইরাক | বসরা |

**৫৩. 'ম্যাকমোহন লাইন' কোন দেশের বিভক্তি রেখা?**

ক. পাকিস্তান-আফগানিস্তান খ. চীন-তিব্বত

গ. ভারত- নেপাল ঘ. ভারত-চীন

উত্তর✓ ঘ ব্যাখ্যা ম্যাকমোহন লাইন ভারত ও চীনের মধ্যে সীমানা নির্দেশক লাইন। এই লাইন স্যার ম্যাকমোহন কর্তৃক চিহ্নিত।

**৫৪. মধ্যযুগের গৌড় নগরীর অংশবিশেষ বাংলাদেশের কোন জেলায় অবস্থিত?**

ক. চাঁপাইনবাবগঞ্জ খ. রাজশাহী

গ. বগুড়া ঘ. কুমিল্লা

উত্তর✓ ক ব্যাখ্যা মধ্যযুগের গৌড় জনপদ বর্তমান ভারতের মালদহ, মুর্শিদাবাদ, বীরভূম ও বর্ধমানের কিছু অংশ এবং বাংলাদেশের চাঁপাইনবাবগঞ্জ জেলায় বিস্তৃত ছিল। গৌড়রাজ শশাঙ্কের রাজধানী ছিল কর্ণসুবর্ণ (বর্তমান মুর্শিদাবাদ জেলা)।

**৫৫. এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংকের প্রধান কার্যালয় কোথায়?**

ক. টোকিও খ. ব্যাংকক

গ. ম্যানিলা ঘ. সিঙ্গাপুর

উত্তর✓ গ ব্যাখ্যা Asian Development Bank (ADB) প্রতিষ্ঠিত হয় ২২ আগষ্ট ১৯৬৬ সালে এবং আনুষ্ঠানিকভাবে কার্যক্রম শুরু করে ১৯ ডিসেম্বর ১৯৬৬ সালে। এডিবি'র সদর দপ্তর ফিলিপাইনের রাজধানী ম্যানিলায় অবস্থিত। এশীয় উন্নয়ন ব্যাংকের বর্তমান সদস্য দেশ ৬৭টি।

**৫৬. শিল্পী পাবলো পিকাসো কোন দেশে জন্মগ্রহণ করেন?**

ক. ইতালি খ. স্পেন

গ. ফ্রান্স ঘ. পর্তুগাল

উত্তর✓ খ ব্যাখ্যা পাবলো পিকাসো ২৫ অক্টোবর ১৮৮১ সালে স্পেনের মালাগায় জন্মগ্রহন করেন। পাবলো পিকাসো একজন বিখ্যাত চিত্রশিল্পী এবং ভাস্কর। তার কিছু বিখ্যাত চিত্রকর্ম হচ্ছে সেলফ পোর্টেট, ওল্ড গিটারিস্ট, দ্য ব্লু রুম, পালামো প্রভৃতি। পাবলো পিকাসো ৮ এপ্রিল ১৯৭৩ সালে ফ্রান্সে মৃত্যুবরণ করেন।

**৫৭. পূর্ববঙ্গ জমিদারি দখল ও প্রজাতন্ত্র আইন কবে প্রণীত হয়?**

ক. ১৯৫০ সালে খ. ১৯৪৮ সালে
গ. ১৯৪৭ সালে ঘ. ১৯৫৪ সালে

উত্তর ✓ ক ব্যাখ্যা পাকিস্তান শাসনামলে ভূমি আইনের উপর গুরুত্বপূর্ণ আইন 'পূর্ববঙ্গ জমিদারি দখল ও প্রজাস্বত্ব আইন, ১৯৫০'। আইনটি পূর্ব বাংলার আইনসভায় গৃহীত হয় ১৬ ফেব্রুয়ারি ১৯৫০ সালে এবং গভর্নর জেনারেলের সম্মতিক্রমে আইনে পরিণত হয় ১৬ মে ১৯৫০। এর ফলে চিরস্থায়ী বন্দোবস্ত (১৭৯৩) এবং বঙ্গীয় প্রজাস্বত্ব আইন (১৮৮৫) বিলুপ্ত হয়। এই আইনের আওতায় সরকার দেশের একমাত্র জমিদারে পরিণত হয়।

**৫৮. বাংলাদেশে প্রথম উপজেলা নির্বাচন হয় কোন সালে?**

ক. ১৯৮৬ সালে খ. ১৯৮৩ সালে
গ. ১৯৮৪ সালে ঘ. ১৯৫৪ সালে

উত্তর ✓ Blank ব্যাখ্যা উপজেলা পরিষদের প্রধান উপজেলা চেয়ারম্যান। দুইজন ভাইস চেয়ারম্যান থাকেন, যার মধ্যে একজন নারী। প্রথম উপজেলা পরিষদ নির্বাচন অনুষ্ঠিত হয় ১৯৮৫ সালে। দ্বিতীয় নির্বাচন ১৯৯০ সালে, তৃতীয় নির্বাচন ২০০৯ সালে এবং সর্বশেষ বা চতুর্থ নির্বাচন অনুষ্ঠিত হয় ২০১৪ সালে।

**৫৯. কোন আমলে বাংলা গজল ও সুফী সাহিত্য সৃষ্টি হয়?**

ক. ইলিয়াস শাহী খ. হোসেন শাহী
গ. মোগল ঘ. সুলতানি উত্তর খ

**৬০. বাংলাদেশে ঘোড়ার ডাকের প্রচলন করেন কে?**

ক. অশোক খ. শের শাহ
গ. আকবর ঘ. মুহম্মদ বিন তুঘলক

উত্তর ✓ খ ব্যাখ্যা দিল্লির প্রথম সুলতান কুতুবউদ্দিন আইবেক উপমহাদেশে সর্বপ্রথম আংশিকভাবে ঘোড়ার ডাক প্রচলন করেন। শেরশাহ্'র শাসনামলে (১৫৩৮-১৫৪৫) ডাক ব্যবস্থার সার্বিক সংস্কার সাধন করা হয়। তিনি পুরোপুরিভাবে ঘোড়ার ডাক ব্যবস্থা চালু করেন। তিনিই বাংলাদেশে ঘোড়ার ডাকের প্রচলন করেন।

**৬১. পূর্ব বাংলায় যুক্তফ্রন্ট মন্ত্রিসভার প্রথম মুখ্যমন্ত্রীর নাম কী?**

ক. এ কে ফজলুল হক খ. মুহাম্মদ আলী
গ. ইস্কান্দার মীর্জা ঘ. খাজা নাজিমউদ্দীন

উত্তর ✓ ক ব্যাখ্যা ১৯৫৪ সালের ৮-১২ মার্চ পূর্ব বাংলা প্রাদেশিক গণপরিষদের নির্বাচন অনুষ্ঠিত হয়। এই নির্বাচনে যুক্তফ্রন্ট মুসলমানদের জন্য নির্ধারিত ২৩৭ টি আসনের মধ্যে ২২৩ টি আসন অর্জন করে জয়লাভ করে। যুক্তফ্রন্টের প্রতীক ছিল নৌকা। যুক্তফ্রন্ট সরকারের মুখ্যমন্ত্রী হন এ কে ফজলুল হক। ১৪ মে ১৯৫৪ শেখ মুজিবুর রহমান যুক্তফ্রন্ট মন্ত্রিসভার কৃষি, বন, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী নিযুক্ত হন।


**৬২. 'Abolish' শব্দের Synonym হচ্ছে–**

ক. Perform খ. Create
গ. Cancel ঘ. Generate উত্তর গ

**৬৩. ১১, ১৫, ২৩, ৩৯, ............ ধারাটির পরবর্তী সংখ্যা কত?**

ক. ৫২ খ. ৫৮
গ. ৬৫ ঘ. ৭১

উত্তর ✓ ঘ ব্যাখ্যা




**৬৪. $(০.০০৫)^২$ = কত?**

ক. ০.০২৫ খ. ০.০০২৫
গ. ০.০০০০২৫ ঘ. ০.০০০০০২৫

উত্তর ✓ গ ব্যাখ্যা $(০.০০৫)^২$ = ০.০০০০২৫

**৬৫. 'কুল কাঠের আগুন'- এর প্রকৃত অর্থ কি?**

ক. তীব্র জ্বালা খ. কাঠের পুতুল
গ. কূপমণ্ডূক ঘ. এলাহী কাণ্ড উত্তর ক

**৬৬. যখন সূর্য ও পৃথিবীর মধ্যে চাঁদ অবস্থান করে তখন হয়-**

ক. সূর্যগ্রহণ খ. চন্দ্র গ্রহণ
গ. অমাবস্যা ঘ. কোনোটিই নয়

উত্তর ✓ ক ব্যাখ্যা অমাবস্যা তিথিতে সূর্য, চাঁদ ও পৃথিবী একই সরলরেখায় অবস্থান করে। সূর্য ও পৃথিবীর মাঝে চাঁদের অবস্থানের কারণে সূর্যের আলো পৃথিবীতে আসতে বাধাপ্রাপ্ত হয়। এই অবস্থাই হলো সূর্য গ্রহণ।

**৬৭. 'কম্পিউটার বাগ' হল-**

ক. হার্ডওয়্যার ও হার্ডওয়্যারের বহির্বিভাগের ভুল
খ. সফটওয়্যারের অন্তর্নিহিত ভুল
গ. হার্ডওয়্যারের অন্তর্নিহিত ভুল
ঘ. উপরের কোনোটিই নয়

উত্তর ✓ খ ব্যাখ্যা কম্পিউটার বাগ হল সফটওয়্যারের অন্তর্নিহিত ভুল। আর সফটওয়্যারের অন্তর্নিহিত ভুল খুঁজে বের করার পদ্ধতিকে ডি-বাগিং বলে।

**৬৮. রাজশাহী বিশ্ববিদ্যালয় স্থাপিত হয় কোন সালে?**

ক. ১৯৫৫ সালে খ. ১৯৫৪ সালে
গ. ১৯৫২ সালে ঘ. ১৯৫৩ সালে

উত্তর ✓ ঘ ব্যাখ্যা স্যাডলার কমিশনের সুপারিশ অনুযায়ী রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয় ১৯৫৩ সালের ৬ জুলাই। রাজশাহী বিশ্ববিদ্যালয়ের প্রথম উপাচার্য ছিলেন প্রফেসর ইতরাত হোসেন জুবেরী।

**৬৯. স্বাধীন বাংলাদেশের রাজধানী হওয়ায় পূর্বে ঢাকা বাংলার রাজধানী ছিল-**

ক. তিনবার খ. চারবার
গ. দুইবার ঘ. একবার

উত্তর ✓ খ ব্যাখ্যা স্বাধীন বাংলাদেশের রাজধানী হওয়ার পূর্বে ঢাকা বাংলার রাজধানী ছিল চারবার।
১৬১০: ইসলাম খান ঢাকায় প্রথম বাংলার রাজধানী স্থাপন করেন।
১৬৬০: মীর জুমলা রাজমহল থেকে ঢাকায় বাংলার রাজধানী স্থাপন করেন।
১৯০৫: লর্ড কার্জন ঢাকায় পূর্ববঙ্গ ও আসাম প্রদেশের রাজধানী স্থাপন করেন।
১৯৪৭: পূর্ব পাকিস্তানের রাজধানী হয় ঢাকা।

৭০. বঙ্গোপসাগর ও জাভা সাগরকে সংযুক্ত করেছে-

ক. বেরিং প্রণালি খ. সুন্দা প্রণালি
গ. মালাক্কা প্রণালি ঘ. মেসিনা প্রণালি

উত্তর✓ গ ব্যাখ্যা

| প্রণালির নাম | সংযুক্ত করেছে |
|---|---|
| বেরিং প্রণালি | উত্তর সাগর- বেরিং সাগর |
| সুন্দা প্রণালি | ভারত মহাসাগর- জাভা সাগর |
| মেসিনা প্রণালি | টিরহেনিয়ান সাগর-আইওনিয়ান সাগর |
| মালাক্কা প্রণালি | বঙ্গোপসাগর- জাভা সাগর |

৭১. খন্দকের যুদ্ধ সংঘটিত হয়-

ক. ৬২৪ সালে খ. ৬২৫ সালে
গ. ৬২৮ সালে ঘ. ৬৩১ সালে

উত্তর✓ = ব্যাখ্যা সঠিক উত্তর নেই। খন্দকের যুদ্ধ ৬২৭ খ্রিস্টাব্দে (৫ম হিজরি) সংগঠিত হয়। এই যুদ্ধ ২৭ দিন স্থায়ী হয়। যুদ্ধের প্রস্তুতি হিসেবে মদিনার বাইরে খন্দক বা পরিখা খনন করার ফলে যুদ্ধের নাম খন্দকের যুদ্ধ। এই যুদ্ধে মুসলিম বাহিনীতে হযরত মুহাম্মদ (সাঃ) এর নেতৃত্বে ছিল আউস ও খাজরাজের আনসার এবং মুহাজিররা। জোট বাহিনীতে ছিল মক্কার কুরাইশ ও ইহুদি গোত্রগুলি। এ যুদ্ধের ফলাফল ছিল মুসলমানদের বিজয়।

৭২. 'এন্টোমোলোজি' হচ্ছে-

ক. রসায়ন বিদ্যা খ. উদ্ভিদ বিদ্যা
গ. প্রাণী বিদ্যা ঘ. কীটপতঙ্গ বিদ্যা উত্তর ঘ

৭৩. ২০১৬ সালের অলিম্পিক ক্রীড়া অনুষ্ঠিত হবে-

ক. রিও ডি জেনিরো খ. শিকাগো
গ. লন্ডন ঘ. বেইজিং

উত্তর✓ ক ব্যাখ্যা

| আয়োজন | সাল | শহর | দেশ |
|---|---|---|---|
| ৩১তম | ২০১৬ | রিও ডি জেনিরো | ব্রাজিল |
| ৩২তম | ২০২০ | টোকিও | জাপান |
| ৩৩তম | ২০২৪ | প্যারিস | ফ্রান্স |
| ৩৪তম | ২০২৮ | লস অ্যাঞ্জেলস | মার্কিন যুক্তরাষ্ট্র |

৭৪. বাংলাদেশ রাইস রিসার্চ ইনস্টিটিউট এর সদর দফতর কোথায় অবস্থিত?

ক. কুমিল্লা খ. গাজীপুর
গ. কুষ্টিয়া ঘ. রংপুর

উত্তর✓ খ ব্যাখ্যা Bangladesh Rice Research Institute (BRRI) ১ অক্টোবর ১৯৭০ সালে প্রতিষ্ঠিত। BRRI এর সদর দপ্তর গাজীপুর জেলার জয়দেবপুরে অবস্থিত। সারাদেশে এই প্রতিষ্ঠানের ৯টি আঞ্চলিক কেন্দ্র রয়েছে। কেন্দ্রগুলো কুমিল্লা, হবিগঞ্জ, ফেনী, ফরিদপুর, বরিশাল, রাজশাহী, রংপুর, কুষ্টিয়া এবং সাতক্ষীরায় অবস্থিত।

৭৫. জাতীয় স্মৃতিসৌধের নকশা প্রণয়নকারী-

ক. কামরুল হাসান খ. মৃণাল হক
গ. সৈয়দ মাঈনুল হোসেন ঘ. রফিকুন নবী

উত্তর✓ গ ব্যাখ্যা জাতীয় স্মৃতিসৌধের অপর নাম 'সম্মিলিত প্রয়াস'। এটি সাভারের নবীনগরে অবস্থিত। স্থপতি সৈয়দ মাইনুল হোসেন। স্মৃতিসৌধটির উচ্চতা ১৫০ ফুট বা ৪৫.৭২ মিটার এবং ফলকের সংখ্যা ৭টি। ১৬ ডিসেম্বর ১৯৭২ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্মৃতিসৌধটির ভিত্তিপ্রস্তর স্থাপন করেন।

৭৬. কোন ভিটামিন ক্ষতস্থান হতে রক্ত পড়া বন্ধ করতে সাহায্য করে?

ক. ভিটামিন-সি খ. ভিটামিন কে
গ. ভিভটামিন ই ঘ. ভিটামিন বি

উত্তর✓ খ ব্যাখ্যা ভিটামিন "কে" ক্ষতস্থান হতে রক্তপড়া বন্ধে সাহায্য করে।

৭৭. কোন রক্ত গ্রুপকে সর্বজনীন গ্রহীতা বলা হয়?

ক. এবি খ. এ
গ. ও ঘ. বি

উত্তর✓ ক ব্যাখ্যা AB গ্রুপের রক্তের লোকদের রক্তে কোন অ্যাগ্লুটিনিন না থাকায় তারা সবার রক্ত নিতে পারে। তাই তাদের সর্বজনীন গ্রহীতা বলে।

৭৮. সংসদ অধিবেশন সমাপ্ত হওয়ার কত দিন পর আবার ডাকা বাধ্যতামূলক?

ক. ৯০ দিন খ. ৬০ দিন
গ. ৭০ দিন ঘ. ৮০ দিন

উত্তর✓ খ ব্যাখ্যা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৭২(১) অনুচ্ছেদ অনুযায়ী, সংসদের এক অধিবেশনের সমাপ্তি ও পরবর্তী অধিবেশনের প্রথম বৈঠকের মধ্যে ষাট দিনের অতিরিক্ত বিরতি থাকবে না।

৭৯. কোন সালে ফরাসি বিপ্লব সংঘটিত হয়?

ক. ১৭৯৩ খ. ১৭৫৭
গ. ১৭৮৯ ঘ. ১৮৯৯

উত্তর✓ গ ব্যাখ্যা ১৭৮৯ সালের ১৪ জুলাই বাস্তিল দুর্গ আক্রমণের মাধ্যমে ফরাসি বিপ্লব শুরু হয়। ফরাসি বিপ্লবের মূলনীতি ছিল স্বাধীনতা, সাম্য ও ভ্রাতৃত্ব। ফরাসি বিপ্লবের ফলে ফ্রান্সে নিরঙ্কুশ রাজতন্ত্র বিলুপ্ত হয়ে প্রজাতান্ত্রিক আদর্শের অগ্রযাত্রা শুরু হয়।

৮০. ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয় কোন সালে?

ক. ১৮৭৭ খ. ১৯০৫
গ. ১৯২২ ঘ. ১৯২১

উত্তর✓ ঘ ব্যাখ্যা নাথান কমিশনের মাধ্যমে ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয় ১ জুলাই ১৯২১ সালে। ১৩ সদস্য বিশিষ্ট নাথান কমিশন গঠিত হয় ২৭ মে ১৯১২ সালে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের মনোগ্রামে ব্যবহৃত স্লোগান 'শিক্ষাই আলো'। বাংলাদেশের স্বাধীনতাযুদ্ধ চলাকালীন সময়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি ছিলেন বিচারপতি আবু সাঈদ চৌধুরী।